শেখ হাসিনার উদ্যোগ

# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১

পটিয়া, চট্টগ্রাম
ইমেইল:ctgpbs1@yahoo.com. ওয়েব: pbs1.chittagong.gov.bd

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.১৫৬১.৫২৪.০১.০৩৮.২৩.৫৯৩৬ তারিখঃ ১৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ নভেম্বর ২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ-ট্রান্সফরমারের পুড়া তৈল রিফাইন করণের লক্ষ্যে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) দরপত্র বিজ্ঞপ্তি।**

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় পবিসের ওয়ার্কশপে বিনষ্ট বিতরণ ট্রান্সফরমার মেরামতের কাজে ব্যবহৃত সেন্ট্রিফিউজ করে ব্যবহার অনুপযোগী এবং প্রয়োজনীয় ডাই ইলেকট্রিক স্ট্রেংথ আনা যায় না এরুপ ট্রান্সফরমার তৈলসমূহ রিফাইন করে ব্যবহার উপযোগী করার লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত তৈল রিফাইনকারী/ব্যবসায়ী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে RFQ (রিকোয়েষ্ট ফর কোটেশন)" এর মাধ্যমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং | ক্রম | মালামালের বিবরণ | পরিমাণ | এককমূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|
| RFQ ২৪/২০২৩-২০২৪ | ১. | ট্রান্সফরমারের পুড়া তৈল (যাহা সেন্ট্রিফিউজিং করে ব্যবহার করার উপযোগী নয়) রিফাইন করণ। | ৮৪ ব্যারেল (প্রতি ব্যারেল =২০৫ লিঃ) | | |
| | | সর্বমোট= | | | |

শর্তাবলী ঃ

০১। আগ্রহী দরদাতাগণ আগামী ০৬-১২-২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার দুপুর ১২-০০ ঘটিকার মধ্যে দরপত্র সিনিয়র জেনারেল ম্যানেজার এর বরাবর নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (ক) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ পটিয়া, চট্টগ্রাম ও (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিনাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯-এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে এবং ঐদিনই বেলা ১২-০৫ ঘটিকায় দরদাতাগনের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। **নির্ধারিত সময়ের পর এবং ডাকযোগে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।**

০২। দরপত্র খামের উপর "ট্রান্সফরমার তৈল রিফাইন করণের দরপত্র" কথাটি স্পষ্টক্ষরে উল্লেখ করতে হবে।

০৩। দরপত্রে উদ্বৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি,ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

০৪। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স,ভ্যাট রেজিষ্ট্রেশন, ব্যাংক সলভেন্সী ও আয়কর এর সত্যায়িত অনুলিপি অবশ্যই দাখিল করতে হবে।

০৫। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের অনুমোদনকৃত,বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর সহিত চুক্তিকৃত এবং পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র এর প্রয়োজনীয় ডকুমেন্ট দরপত্রের সহিত সংযুক্ত করতে হবে।

০৬। সরবরাহকৃত প্রতিষ্ঠানের পবিসের ট্রান্সফরমার তৈল রিফাইন করণের অভিজ্ঞতা থাকতে হবে। দরপত্রের সঙ্গে অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে।

০৭। অত্র সমিতির স্টোর হতে আপনার প্রতিষ্ঠানের প্রতিনিধির নিকট ট্রান্সফরমার অয়েল বুঝিয়ে দেওয়া হবে। আপনাকে নিজ দায়িত্বে তৈল সমূহ পরিবহন করতে হবে এবং রিফাইন শেষে নিজ দায়িত্বে পবিস স্টোরে জমা প্রদান করতে হবে।

০৮। তৈল লোডিং-আনলোডিং এবং পরিবহন ব্যয় আপনার প্রতিষ্ঠান বহন করবে।

০৯। সমিতি হতে প্রেরণকৃত পুরাতন ব্যারেল পরিবর্তন করে নতুন ব্যারেল (পরিষ্কার পরিচ্ছন্ন ব্যারেল ব্যবহার করতে হবে) সরবরাহ করতে হবে। এ ক্ষেত্রে পুরাতন প্রতি ব্যারেলের মূল্য বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা হারে সমিতি কর্তৃক আপনার প্রদেয় বিল কর্তন করা হবে এবং নতুন সরবরাহকৃত ড্রামের মূল্য বাবদ আপনার প্রতিষ্ঠানকে সমিতি কর্তৃক ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে প্রদান করবে।

১০। প্রতি ব্যারেলে (২০৫ লিঃ) পুরাতন ট্রান্সফরমার তৈল রিফাইন করার পর ৭৫% থেকে ৮০% তৈল টিকতে পারে। রিফাইনকৃত তৈলের পরিমান প্রাথমিক রাসায়নিক পরিক্ষান্তে নির্ধারিত হবে।

(অঃপৃঃদ্রঃ)

১১। রিফাইনকৃত তৈল পবিসের কর্মকর্তা এবং বাপবিবোর্ডের নিকটতম সিস্টেম অপারেশন প্রতিনিধির উপস্থিতিতে টেষ্ট করা হবে।

১২। রিফাইন করা তৈল সমিতি স্টোরে জমা দেয়ার পর চালান ও বিল দাখিল সাপেক্ষে নিয়মানুযায়ী একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৩। তৈলের গুনগত মান কমপক্ষে ০১ (এক) বৎসর গ্রহণযোগ্য পর্যায়ে থাকতে হবে। অন্যথায় নিজ খরচে তৈল পুনরায় রিফাইন করে দিতে হবে।

১৪। কার্যাদেশের প্রাপ্ত প্রতিষ্ঠানকে সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের পর বিল দাখিল সাপেক্ষে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। তবে নিরাপত্তা জামানত হিসেবে ১০% অর্থ দাখিলকৃত বিল হতে কর্তন করে রাখা হবে, যা কার্য সমাপ্ত হওয়ার ০১ (এক) বৎসর পর সরবরাহকৃত মালামালের কোন ত্রুটি না থাকলে ফেরৎ প্রদান করা হবে।

১৫। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১৬। চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ কর্তৃক কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষন করে।

১৭। শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২০।১১।২৩

( প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থার জন্য সদয় অনুরোধ জানানো হলো ।

১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন,বাপবিবো, চট্টগ্রাম ।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো,ঢাকা-(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো) ।
৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম ।
৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----------------------------------১/২/৩/৪।
৬। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ,বাপবিবো, চট্টগ্রাম।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম।
৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা-পটিয়া/চন্দনাইশ/বোয়ালখালী/লোহাগাড়া/সাতকানিয়া/আনোয়ারা/বাঁশখালী/ কর্ণফুলী উপজেলা, চট্টগ্রাম।
৯। ডিজিএম-লোহাগাড়া/চন্দনাইশ/বোয়ালখালী/লোহাগাড়া/আনোয়ারা/বাঁশখালী/সাতকানিয়া জোনাল অফিস/সদর-কারিগরী, চট্টপবিস-১।
১০। এজিএম-(অর্থ-হিসাব), চট্টপবিস-১।
১১। সহঃ জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি( চট্টপবিস-১এর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন ) ।
১২। নোটিশ বোর্ড।
১৩। অফিস কপি/মাষ্টার কপি।

২০।১১।২৩

( প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার